



GLOBE BIOTECH LIMITED

Address: Plot No. 3/Ka (New), Tejgaon Industrial Area, Dhaka-1208, Bangladesh.
Phone: +880 9609 777700, Email: info@globe-biotech.com, Website: www.globe-biotech.com

বাংলাদেশে প্রথম “কোভিড-১৯” এর টিকা (ভ্যাকসিন) আবিষ্কার সম্পর্কে প্রেস রিলিজ

তারিখ, ঢাকা
০১/০৭/২০২০ ইং

বরাবর
সম্মানিত সাংবাদিকবৃন্দ
বাংলাদেশ

বিষয়: বাংলাদেশে প্রথম “কোভিড-১৯” এর টিকা (ভ্যাকসিন) আবিষ্কার।

প্রিয় সুধী,

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গ্লোব ফার্মাসিউটিক্যালস গ্রুপ অব কোম্পানিজ লিঃ এর সহযোগী প্রতিষ্ঠান ‘গ্লোব বায়োটেক লিমিটেড’ ২০১৫ সালে ক্যান্সার, আর্থ্রাইটিস, রক্তসল্পতা, উচ্চরক্তচাপ, অটোইমিউন ডিজিজ সহ অন্যান্য দুরারোগ্য রোগ নিরাময়ের জন্য বায়োলজিক্স, নোভেল ড্রাগ এবং বায়োসিমিলার উৎপাদনের লক্ষ্যে অত্যাধুনিক গবেষণাগার স্থাপনের মাধ্যমে যাত্রা শুরু করে। ইতোমধ্যে এই প্রতিষ্ঠানের বিজ্ঞানীগণ বেশ কয়েকটি দুরারোগ্য ব্যাধির বায়োসিমিলার উৎপাদন করতে সক্ষম হয়েছে, যা বাংলাদেশ মেডিক্যাল রিসার্চ কাউন্সিল (বিএমআরসি) কর্তৃক তাদের কাঠন নিয়ম কানুনের মাধ্যমে ক্লিনিক্যাল ট্রায়ালের অনুমোদনের পথে।

বর্তমানে বিশ্বব্যাপী চলমান করোনা ভাইরাসের প্রকোপে সারা বিশ্বের মানুষ বিপর্যস্ত। তাই জাতীয় ও আন্তর্জাতিক প্রয়োজনে আমাদের গবেষণার পাশাপাশি “কোভিড-১৯” সনাক্তকরণ কিট, টিকা এবং ওষুধ আবিষ্কার সংক্রান্ত গবেষণা কর্মকাণ্ড শুরু করি। আমরা সিইও ড. কাকন নাগ এবং সিও ড. নাজনীন সুলতানা এর সার্বিক তত্ত্বাবধানে “কোভিড-১৯” প্রতিরোধে টিকা (ভ্যাকসিন) আবিষ্কার করতে সক্ষম হয়েছি।

NCBI Virus database অনুযায়ী, ৩০ জুন পর্যন্ত বিশ্বব্যাপী ৫৭৪৩ টি সম্পূর্ণ জিনোম সিকোয়েন্স জমা হয়েছে, যার মধ্যে বাংলাদেশ থেকে জমা হয়েছে ৭৬ টি। উক্ত সকল সিকোয়েন্স বায়োইনফরম্যাটিক্স টুলের মাধ্যমে পরীক্ষা করে আমরা আমাদের টিকার টার্গেট নিশ্চিত করেছি, যা যৌক্তিকভাবে এই ভৌগোলিক অঞ্চলে অধিকতর কার্যকরী হবে বলে আশা করছি। উক্ত টার্গেটের সম্পূর্ণ কোডিং সিকোয়েন্স যুক্তরাষ্ট্রের NCBI Virus database এ জমা দিয়েছি যা ইতোমধ্যেই NCBI কর্তৃক স্বীকৃত ও প্রকাশিত হয়েছে (accession number: MT676411)। আমাদের গবেষণাগারে আবিষ্কৃত টিকাটির বিশদ বিশ্লেষণের পর ল্যাবরেটরি এনিমেল মডেলে পরীক্ষানূলকভাবে প্রয়োগ করে যথাযথ এন্টিবডি তৈরিতে সন্তোষজনক ফলাফল পেয়েছি।

উক্ত প্রেক্ষাপটে এই টিকাটির সুরক্ষা ও কার্যকারিতা (safety and efficacy) নিরীক্ষার লক্ষ্যে আমরা ক্লিনিক্যাল ট্রায়াল শুরু করার জন্য কাজ করে যাচ্ছি। এই সুরক্ষা ও কার্যকারিতা পরীক্ষায় সরকারের এবং আপনাদের সর্বাঙ্গিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

নিবেদক,

মোঃ হাফিজুর রাশিদ

চেয়ারম্যান

গ্লোব বায়োটেক লিমিটেড

গ্লোব ফার্মাসিউটিক্যালস গ্রুপ অব কোম্পানিজ লিঃ